তারিখ ... 28 APR 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৬ ...

কালের কণ্ঠ

শিক্ষক নিয়োগ

# সব বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানকে নিবন্ধনের নির্দেশ

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের জন্য বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) ৭ মের মধ্যে সব শিক্ষাপ্রতিষ্ঠানকে নিবন্ধনের নির্দেশনা দেওয়া হয়েছে। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, শিক্ষক নিয়োগে এনটিআরসিএ অনলাইনে আবেদন গ্রহণ করে মেধার ভিত্তিতে প্রার্থী বাছাই কার্যক্রম শুরু করতে যাচ্ছে। প্রার্থী বাছাই কার্যক্রমের পূর্বশর্ত হিসেবে প্রতিটি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের নিবন্ধন আবশ্যক।